**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিল্প মন্ত্রণালয়**
**এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা**
**৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।**
www.moind.gov.bd

**শিল্প মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব জাকিয়া সুলতানা
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ২৬/০৯/২০২১
সময় : বেলা ১২.৩০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ২৩/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২. সভায় উপস্থাপিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ও কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য কার্যক্রম অব্যাহত আছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সকল কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ২. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রথম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে উদ্ধর্তন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | |
| ৩. | সভায় অবহিত করা হয় যে, দাপ্তরিক কার্যক্রমে ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৯০% উন্নীত করার বিষয়টি শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রমে ই-ফাইলে বাস্তবায়ন অগ্রগতি ৯০% উন্নীত করতে হবে । এ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সকল কর্মকর্তা ই-ফাইলিং কার্যক্রমে বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থা |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | প্রধান (সকল)। |
| ৪. | সভাকে অবহিত করা হয় যে,এ পর্যন্ত ১২ টি দপ্তর/সংস্থায় সর্বমোট ৮০০ জন প্রশিক্ষণার্থীকে আইএপি প্রণয়ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে ব্যবহার হচ্ছে। | প্রশিক্ষণলব্ধ জ্ঞান আইএপি প্রণয়ন ও বাস্তবায়নে প্রয়োগ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| ৫. | সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত ক্রেস্ট ও সনদ তৈরীর কাজ চলছে । প্রধান অতিথি, বিশেষ অতিথি মহোদয়ের সদয় সম্মতি, তারিখ ও সময় প্রার্থনা করে নথি উপস্থাপন করা হয়েছে। | শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত পরবর্তী সকল কার্যক্রম আগামী এডিবি বাস্তবায়ন সভার সাথে সম্পন্ন করতে হবে। | সকল কর্মকর্তা ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়। |
| ৬. | (ক) সভায় জানানো হয় যে, প্রতিমাসে আইএপি বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য শিল্প মন্ত্রণালয়ের সকল অতিরিক্ত সচিব ও আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানগণকে অবহিত করা হয়েছে। প্রতিমাসে অনুবিভাগ সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্ম-পরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে। | ক. প্রতিমাসে অনুবিভাগ পর্যায়ের সভায় ও দপ্তর/সংস্থায় মাসিক সভায় ব্যক্তিকেন্দ্রিক কর্মপরিকল্পনার (IAP) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |
| | (খ) সভায় অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের আইএপি প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট পত্র ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা একটি নমুনা প্রেরণ করা হয়েছে। ২৩/৯/২০২১ তারিখের মধ্যে আইএপি ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা জমা দেয়ার নির্দেশনা দেয়া হলে এখনও তা বাস্তবায়িত হয়নি। | খ. ২০২১-২২ অর্থবছরে প্রয়োজনের ভিত্তিতে (Need based) সমস্যা সনাক্তপূর্বক কার্যক্রম নির্বাচন এবং আইএপি প্রণয়ন করতে হবে। আইএপি-এর সাথে প্রতিটি কার্যক্রমের বিপরীতে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time bound action plan) জমা প্রদান করতে হবে এবং সেপ্টেম্বর/২০২১ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান (সকল)। |

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬. | সভায় অবহিত করা হয় যে, ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপসচিব (এপিএ, শুদ্ধাচার ও অভিযোগ নিষ্পত্তি অধিশাখা)। |

০৩. অত:পর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১১/১০/২০২১

জাকিয়া সুলতানা
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়।